অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/25/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট পার্কের ইস্ট গেট প্লাজার উদ্বোধনী ঘোষণা করেছেন

প্রকল্পটি পাকিপসি গেটের ঠিক বাইরে ওয়াশিংটন স্ট্রিট স্টেয়ার্সের উপরের পাথওয়ের আকার দ্বিগুণের চেয়ে বেশি বৃদ্ধি করে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্কের (Walkway Over the Hudson State Historic Park) পাকিপসি প্রবেশবথের বাইরে 2 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ইস্ট গেট প্লাজার (East Gate Plaza) উদ্বোধনী ঘোষণা করেছেন। সম্প্রসারিত জমায়েত স্থান ওয়াশিংটন স্ট্রিট স্টেয়ার্সের (Washington Street Stairs) উপরের পাথওয়ের আকার দ্বিগুণের চেয়ে বেশি বৃদ্ধি করে এবং সাম্প্রদায়িক অনুষ্ঠানের জন্য একটি আদর্শ স্থান প্রদান করে।

পাকিপসিতে নতুন ইস্ট গেট প্লাজা স্থানীয় পণ্য প্রদর্শনের জন্য একটি দারুণ জায়গা হবে এবং ওয়াকওয়ের দর্শনার্থীদের সার্বিক অভিজ্ঞতা উন্নত করবে," **গভর্নর হোকল বলেন।** "ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্কের নান্দনিক প্রাকৃতিক সৌন্দর্য সব অঞ্চল থেকে ব্যক্তি এবং পরিবারকে আকৃষ্ট করে এবং নতুন প্লাজা একটি টুরিস্ট গন্তব্য হিসাবে হডসন ভ্যালিকে আরও হাইলাইট করবে।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান এ. বেঞ্জামিন বলেন, "ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট পার্ক হাডসন ভ্যালির প্রাকৃতিক সৌন্দর্য এবং আকর্ষণীয় ইতিহাস উপভোগ করার জন্য একটি আদর্শ গন্তব্য - এবং আমাদের প্রশাসন স্বাস্থ্যকর আউটডোর কার্যক্রম এবং মজার সব অনুষ্ঠানের জন্য পার্কটিকে আরও আকর্ষণীয় করতে বিনিয়োগ করতে পেরে গর্বিত। আউটডোর বিনোদন আমাদের স্টেটের অর্থনীতির একটি মূল চালিকাশক্তি, এবং এই ধরণের প্রকল্প পাকিপসি এবং এর আশেপাশের সম্প্রদায়ের দীর্ঘকালীন সমৃদ্ধি নিশ্চিত করতে সহায়তা করে।"

ইস্ট গেট প্লাজার হলমার্কে অন্তর্ভুক্ত একটি ওয়াকওয়ের সামগ্রী কেনার জন্য অতিথিদের জন্য একটি হেঁটে ঢোকার জায়গা, নাস্তা, পানীয়, এবং অন্যান্য দ্রব্যের বর্ধিত প্রাপ্যতা উন্নতি, এবং অনুষ্ঠান, ট্যুর এবং বিশেষ প্রোগ্রাম আয়োজন সমর্থন করার কন্ন অডিও/ভিজুয়াল ক্ষমতা

সম্পন্ন একটি ঢাকা প্যাভিলিয়ন। প্রকল্পটির একটি অংশ স্টেট পার্কসের অলাভজনক ওপেন স্পেস ইন্সটিটিউট (Open Space Institute) এর সমর্থনে অর্জিত সম্পত্তিতে অবস্থিত।

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসেইড বলেন, "হাঁটাপথে এই উন্নয়নগুলি আরও বেশি মানুষকে এই অসাধারণ জায়গা ঘুরে দেখতে উৎসাহিত করবে এবং তাদের পার্ক এবং এর আশেপাশের সম্প্রদায়ের সাথে আরও ভালোভাবে সংযুক্ত হওয়ার সুযোগ দেবে।"

ওয়াকওয়ে ওভার দ্য হাডসন ফ্রেন্ডসের নির্বাহী পরিচালক এলিজাবেথ ওয়াল্ডস্টিন বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) এর সাথে নতুন ইস্ট গেট প্লাজা উদযাপনে অংশীদারিত্ব করতে পেরে আনন্দিত, যা আমাদের দর্শনার্থীদের উন্নত সুবিধা দেওয়া এবং আমাদের অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধিতে অবদান রাখার আরেকটি পদক্ষেপ। নতুন প্লাজা এবং ফ্রেন্ডস শপ আমাদের ওয়াকওয়ে অ্যাম্বাসাডরদের আমাদের বার্ষিক 600,000 জন পৃষ্ঠপোষকের সাথে দেখা করা, স্বাগত জানানো এবং তথ্য প্রদানের জন্য একটি স্বাগতপূর্ণ জায়গা প্রদান করে।"

সিনেটর সু সেরিনো বলেন, "ওয়াকওয়ে ওভার দ্য হাডসন বহু বছর ধরে বাসিন্দা এবং দর্শনার্থী উভয়ের জন্য একটি মূল আকর্ষণ ছিল। এবং এই উন্নয়ঙ্গুলি নিশ্চিত করবে যে ওয়াকওয়ে আরও বড় সাম্প্রদায়িক অনুষ্ঠানের আয়োজন করতে পারবে, যা প্রতিবেশীদের এক হওয়ার এবং হাডসন ভ্যালির প্রাচুর্যের সেরা দিকগুলি উপভোগ করার জন্য একটি অনন্য জায়গা প্রদান করবে। যারা এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি সম্ভব করেছেন আমরা তাদের সবাইকে ধন্যবাদ জানাই এবং আমাদের স্থানীয় সম্প্রদায়ের কল্যাণে এই নতুন জায়গাটি যেসব অনন্য উপায়ে ব্যবহৃত হবে তা দেখার জন্য মুখিয়ে আছি।"

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "দ্য ওয়াকওয়ে ওভার দ্য হাডসন একটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং ঐতিহাসিক গন্তব্য যা নিউ ইয়র্ক এবং তার বাইরে থেকে আমাদের অঞ্চলের এই সৌন্দর্যটি উপভোগ করার জন্য দর্শনার্থীদের আকর্ষণ করে। আমি এই প্লাজার উদ্বোধনী এবং এর জন্য বর্ধিত বিনিয়োগের জন্য উচ্ছ্বসিত, যা ওয়াকওয়েকে আরও শোকেস করার জন্য অসাধারণ সুযোগ দেয়, স্থানীয় ব্যবসাকে সমর্থন করে এবং আরও বড় একটি কমিউনিটি স্পেস তৈরি করে। ওয়াকওয়ে আমাদের অঞ্চলের একটি অর্থনৈতিক ইঞ্জিনস্বরূপ এবং এই অবকাঠামো উন্নয়ন সেই মিশনকে শক্তিশালী করবে এবং যারা ঘুরতে আসবেন তাদের জন্য জায়গাটিকে আরও সহজলভ্য করে তুলবে।"

অ্যাসেম্বলিমেম্বার জনাথান জ্যাকবসন বলেন, "ওয়াকওয়ের উৎপত্তি মিউনিসিপালিটিগুলির অ্যাসেম্বলিমেম্বার হিসাবে, আমি নতুন ইস্ট গেট প্লাজার উদ্বোধনে আনন্দিত। এই সম্প্রসারিত প্রবেশ এলাকা পাকিপসি শহরের বাসিন্দা এবং হাজার হাজার দর্শনার্থী যারা এই নান্দনিক সৌন্দর্য উপভোগ করতে এবং মিড-হাডসন অঞ্চল ঘুরে দেখতে আসে তাদের কাছে ওয়াকওয়েকে আরও স্বাগতপূর্ণ করে তুলবে।"

পাকিপস্যার মেয়র রবার্ট রোলিসন বলেন, "এক দশকের বেশি আগে এর উদ্বোধনের পর থেকে, ওয়াকওয়ে ওভার দ্য হাডসন পাকিপসি শহরের জন্য অনুঘটক হিসাবে কাজ করেছে, আমাদের অঞ্চলে মানুষদের আকৃষ্ট করেছে এবং বাসিন্দাদের একটি অসাধারণ, শ্বাসরুদ্ধকর পার্ক উপহার দিয়েছে যা হাডসন নদীর পাশে অবস্থিত। ইস্ট গেট প্লাজার উদ্বোধনী আরেকটি উন্নয়ন যা এই নৈসর্গিক পার্ককে সিটির এলাকাগুলির সাথে যুক্ত করে এবং ওয়াকওয়ে ওভার দ্য হাডসন যাতে সিটির জন্য একটি প্রধান রত্ন এবং সম্পদ হওয়া অব্যাহত রাখে তা নিশ্চিত করতে স্টেট যে চলমান বিনিয়োগ করেছে তার জন্য আমরা কৃতজ্ঞ।"

ডাচেস কাউন্টির এক্সিকিউটিভ মার্ক মলিনারো বলেন, "পার্কগুলি পরিবার এবং বন্ধুদের সাথে সংযুক্ত থাকার একটি অসাধারণ উৎস হিসাবে কাজ করা চালিয়ে যাচ্ছে এবং দ্য ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্ক এর ব্যতিক্রম নয়। আমাদের এলাকাকে বিশেষায়িত করার একটি গুরুত্বপূর্ণ অংশ হল পৃথিবীজুড়ে ওয়াকওয়ে যা টুরিস্ট এবং দর্শনার্থীদের আকর্ষণ করে, এবং নতুন ইস্ট গেট প্লাজা এই অসাধারণ সম্পদকে আরও বৃদ্ধি করে সম্প্রদায়ের জন্য অনুষ্ঠান আয়োজনের এবং নিরাপদে একত্রিত হওয়ার জন্য আরেকটি স্থান প্রদানের মাধ্যমে।"

আলস্টার কাউন্টির এক্সিকিউটিভ প্যাট রায়ান বলেন, "2009 সালে খোলার পর থেকে দ্য ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্ক আলস্টার কাউন্টি এবং হাইল্যান্ড সম্প্রদায়ে অনেক মানুষ এবং ট্যুরিজম এনেছে। যেসব প্রকল্প ওয়াকওয়ের উন্নয়ন করে সেগুলি এই কার্যক্রমকে প্রণোদনা দেয় এবং হাডসন ভ্যালির প্রধান টুরিস্ট আকর্ষণের একটির প্রতি স্টেটের শক্তিশালী প্রতিশ্রুতি দেখে আলস্টার কাউন্টি আনন্দিত।"

টাউন অফ লয়েডের সুপারভাইজার ফ্রেডেরিক পিজুটো বলেন, "ওয়াকওয়ের অন্য পাশে অনুষ্ঠান আয়োজনে সহযোগিতার মাধ্যমে আমাদের পাকিপসির সাথে দারুণ এক সম্পর্ক রয়েছে যা সমগ্র অঞ্চলকে সুবিধা দেয় এবং যা হাডসন ভ্যালির সৌন্দর্য উপভোগে দর্শনার্থীদের আকর্ষণ করে। আমাদের শহরে ওয়াকওয়ে, হাডসন ভ্যালি রেল ট্রেইলের সাথে সংযোগ দর্শনার্থীদের হাইক, বাইক, ঘোড়ায় চড়া, ইন লাইন স্কেট, ক্রস কাউন্টি স্কি এবং স্নোশু উপভোগের সুযোগ দেয়। ইস্ট গেট প্লাজার যোগ হওয়ার মাধ্যমে ওয়াকওয়ে আরও দারুণ অভিজ্ঞতায় পরিণত হতে দেখা খুবই অসাধারণ, যা কিনা হাইল্যান্ড সম্প্রদায়ে এত অসাধারণ প্রভাব রেখেছে।"

ওপেন স্পেস ইন্সটিটিউটের ভাইস প্রেসিডেন্ট ফর পার্ক অ্যান্ড স্টুয়ার্ডশিপ পিটার কারিস বলেন, "দ্য ওপেন স্পেস ইন্সটিটিউট ওয়াকওয়ের ফুটপ্রিন্ট বৃদ্ধিতে আমাদের প্রচেষ্টার কারণে গর্বিত যা নতুন ইস্ট গেট প্লাজার তৈরির পথ করে দিয়েছে। আমরা স্টেট পার্কস, দ্য ওয়াকওয়ে ফ্রেন্ডস গ্রুপ এবং যারা পার্ক এবং খোলা জায়গাকে জনগণের জন্য আরও স্বাগতপূর্ণ এবং সহজলভ্য করার আমাদের লক্ষ্য ভাগাভাগি করেন তাদের সবাইকে অভিনন্দন জানাই।"

প্রকল্পের বাড়তি সুবিধার মধ্যে রয়েছেঃ

- সেচ কাজে ব্যবহার করার জন্য ছাদ থেকে বৃষ্টির পানি একটি সংগ্রহ আধারে জমা রাখা।
- ঝড়ের পানি উপচে যাওয়া ঠেকাতে ছিদ্রযুক্ত পেভমেন্ট উপাদান।

- 1880 এর দশকের ব্রিজের মূল নির্মাণের সময় থেকে থাকা ক্ষয়প্রাপ্ত একটি রিটেইনিং ওয়ালের প্রতিস্থাপন।
- ঐতিহাসিক ব্রিজের খুঁটিগুলিকে রেলিং সিস্টেমে পুনঃব্যবহার করা।
- শক্তি সাশ্রয়ঃ হিটিং, কুলিং এবং লাইটিং এর জন্য হিট-পাম্প।
- বাইক র‍্যাক
- আরও বসার জায়গা
- সৌন্দর্যবর্ধন

2 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি স্টেটের পার্কস প্যাপিতাল ফান্ডস, এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund, EPF) এবং ফ্রেন্ডস অফ ওয়াকওয়ের সমর্থনে অর্থায়িত হয়েছে।

পৃথিবীর দীর্ঘতম উঁচু পায়েচলা ব্রিজ, প্রাক্তন একটি রেলরোড ব্রিজের 1.28-মাইলের পথ হাডসন ভ্যালির অসাধারণ দৃশ্য দেখার সুযোগ দেয় এবং প্রতি বছর প্রায় 600,000 দর্শনার্থীকে আকর্ষণ করে। বহু বছরের অবহেলার পর 2009 সালে পার্ক খোলার পর থেকে 6.2 মিলিয়ন মানুষ পার্কটি পরিদর্শন করেছেন।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা দেখার জন্য 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটেছিল। এই বিনোদন এলাকাগুলোর যে কোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram, Twitter এ অথবা স্টেট পার্ক ব্লগে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন